গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
রাজশাহী
www.fisheries.rajshahi.gov.bd

## আগষ্ট ২০২২ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি: মো: জাহাঙ্গীর আলম, জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী
তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০২২ খ্রি:
সময়: সকাল ১০:৩০ ঘটিকা
স্থান: সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, রাজশাহী

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর জেলার বিভিন্ন কার্যক্রমের ওপর বিষয় ভিত্তিক আলোচনায় উপস্থিত সকলে অংশগ্রহণ করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক' তে দেওয়া হলো।

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **APA কার্যক্রম**<br>**ক) মৎস্যজীবীদের সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ সভাঃ**<br>উন্মুক্ত জলাশয়ে বর্তমানে পানি রয়েছে। তাছাড়া অনেক জলাশয়ে পোনা অবমুক্ত করা হবে। কাজেই মৎস্য সংরক্ষণে সচেতনতা বৃদ্ধির জন্য মৎস্যজীবীদের সমন্বয়ে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা প্রয়োজন।<br>খ) রাজশাহী প্রকল্পের মাধ্যমে প্রদর্শনী খামার স্থাপনের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। | ক) চলতি মাসে প্রতি উপজেলায় ১-২ টি উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা যেতে পারে ।<br>খ) চলতি মাসে বরাদ্দকৃত অর্থে প্রদর্শনী খামার স্থাপন সম্পন্ন করতে হবে।<br>গ) এপিএ বোর্ড ও রেজিষ্টার নিয়মিত হালনাগাদ করতে হবে। | সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল) |
| ২ | **পোনা অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নঃ**<br>কয়দিন বৃষ্টি হওয়ায় বর্তমানে উন্মুক্ত জলাশয়ে পানি রয়েছে। তাই দ্রুত পোনা ছাড়া গেলে মাছ বেশি দিন জলাশয়ে থাকার সুযোগ পাবে। এতে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে। | আগামী ১৫ সেপ্টেম্বর এর মধ্যে পোনা মজুদ কার্যক্রম সম্পন্ন করার জোর প্রচেষ্টা নিতে হবে। অবমুক্তি শেষে পোনা মজুদ কমিটির সদস্যদের স্বাক্ষরসহ প্রত্যায়ন পত্র ডিডি অফিস ও ডিএফও অফিসে প্রেরণ করতে হবে। | সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল) |
| ৩ | **মোবাইল কোর্ট পরিচালনাঃ**<br>আগষ্ট মাসের প্রতিবেদনে দেখা যায় মোহনপুর, বাগমারা ও পবা উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। | প্রতি উপজেলায় প্রতি মাসে অন্তত একটি মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল) |
| ৪ | **মৎস্য হ্যাচারী আইন ২০১০ বাস্তবায়নঃ**<br>২০২১-২০২২ অর্থবছরে মোহনপুর উপজেলায় তিনটি হ্যাচারীর নিবন্ধন নবায়ন হয় নাই। | চলতি মাসের মধ্যে বকেয়া নিবন্ধন নবায়ন সম্পন্ন করতে হবে। | সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল) |
| ৫ | **মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ বাস্তবায়ন**<br>২০২১-২০২২ অর্থবছরে পুঠিয়া উপজেলায় ০৬টি, গোদাগাড়ী উপজেলায় ০২টি, তানোর উপজেলায় ০২টি, দূর্গাপুর উপজেলায় ০৭টি, বাগমারা উপজেলায় ১১টি, মোহনপুর ও চারঘাট উপজেলায় ০১টি করে মৎস্য খাদ্য প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন হয় নাই। | চলতি মাসের মধ্যে বকেয়া লাইসেন্স নবায়ন সম্পন্ন করতে হবে। | সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল) |

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৬ | **বার্ষিক প্রতিবেদন তৈরিঃ**<br>২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন তৈরির জন্য নতুন ফরমেট প্রেরণ করা হয়। প্রতিটি উপজেলা হতে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। প্রতিবেদনটি সুন্দর করে বাঁধাই করে দপ্তরে সংরক্ষণ করা ও ওয়েব পোর্টালে আপলোড করার জন্য নির্দেশনা দেওয়া হয়। | ১০ সেপ্টেম্বর ২০২২ খ্রি. এর মধ্যে প্রতিবেদনটি সুন্দর করে বাঁধাই করে দপ্তরে সংরক্ষণ করা ও ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র /উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল) |
| ৭ | **একটি ডিজিটাল সেবা চালু করণঃ**<br>ইতোমধ্যে "ডিজিটাল প্রোডাকশন প্লান ফরমেট" নামক একটি সফটওয়্যার তৈরী করে সকল দপ্তরে প্রেরণ করা হয়েছে। তা বাস্তবায়নে করণীয় বিষয়ে আলোচনা করা হয়। | প্রতিটি দপ্তরে রেজিষ্টার তৈরী করে প্রশিক্ষণে আগত চাষী ও পরামর্শ নিতে আগত চাষীদের উৎপাদন পরিকল্পনা তৈরি করে সরবরাহ করতে হবে ও রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে। | -সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা<br>-খামার ব্যবস্থাপক (সকল) |
| ৮ | **ওয়েব পোর্টাল হালনাগাদকরণ ও ওয়েব মেইল ব্যবহার চালু করণঃ**<br>মহাপরিচালক মহোদয়ের দপ্তর হতে ওয়েব পোর্টাল হালনাগাদ করণ ও ওয়েব মেইল নিয়মিত ব্যবহার নিশ্চিত করণের তাগিদ প্রদান করা হয়েছে। | সকল দপ্তর প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | -সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা<br>-খামার ব্যবস্থাপক (সকল) |
| ০৯ | **উদ্ভাবনী আইডিয়া প্রেরণ**<br>উপপরিচালক মহোদয়ের পত্র পাঠ করা হয়। যেখানে আগামী ২০/০৯/২০২২ এর মধ্যে প্রতিটি জেলা হতে উদ্ভাবনী আইডিয়া প্রেরণের নির্দেশনা রয়েছে। | আগামী ১৯/০৯/২০২২ খ্রি. এর মধ্যে প্রতিটি উপজেলা/খামার হতে অত্র দপ্তরে অন্তত একটি উদ্ভাবনী আইডিয়া প্রেরণ করবেন। | -সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা<br>-খামার ব্যবস্থাপক (সকল) |
| ১০ | **বিবিধঃ**<br>ক) একুশে পদক ২০২৩; বঙ্গবন্ধু কৃষি পুরস্কার ১৪২৭ ও ১৪২৮ এর জন্য মনোনয়ন প্রেরণ।<br>খ) কৃষি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যক্তি ২০২১ মনোনয়ন করে প্রেরণ। | উপযুক্ত প্রার্থী নির্বাচনপূর্বক মনোনয়ের জন্য অত্র দপ্তরে প্রেরণ করতে হবে। | -সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা<br>-খামার ব্যবস্থাপক (সকল) |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: জাহাঙ্গীর আলম)
জেলা মৎস্য কর্মকর্তা
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৬৩২৪৫
ই-মেইল:
dforajshahi@fisheries.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তা কার্যালয়
রাজশাহী
www.fisheries.rajshahi.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৮১০০.৪০০.৪৯.০০১.১৮.৪৪৭/১(২৪)

তারিখ: ~~২৮ আষাঢ়~~ ২৩ ভাদ্র ১৪২৯ বাং.
০৭ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. প্রকল্প পরিচালক/পরিচালক.....................................
৪. সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা, পবা/পুঠিয়া/মোহনপুর/তানোর/গোদাগাড়ী/চারঘাট/দুর্গাপুর/বাঘা/বাগমারা, রাজশাহী।
৫. খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, রাজশাহী সদর, রাজশাহী/পুঠিয়া, রাজশাহী।
৬. দপ্তর কপি

০৭/০৯/২০২২

জেলা মৎস্য কর্মকর্তা
রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৬৩২৪৫
ই-মেইল:
dforajshahi@fisheries.gov.bd